বঙ্গবাজারে আগুন: ৫ হাজার দোকান পুড়েছে, ২ হাজার কোটি টাকার বেশি ক্ষতি

চেম্বার ডেস্ক :: রাজধানীর ফুলবাড়িয়ার বঙ্গবাজার মার্কেটে আগুনে প্রায় ৫ হাজার দোকান পুড়েছে। আর এ ঘটনায় ক্ষতি ২ হাজার কোটি টাকার বেশি বলে জানিয়েছেন বাংলাদেশ দোকান মালিক সমিতি।

মঙ্গলবার দুপুরে বঙ্গবাজার মার্কেটের ঘটনাস্থল পরিদর্শন করতে এসে সাংবাদিকদের এসব কথা বলেন বাংলাদেশ দোকান মালিক সমিতির সভাপতি হেলাল উদ্দিন আহমেদ।

তিনি সাংবাদিকদের বলেন, এই আগুনের ঘটনায় যে ক্ষতি হয়েছে সেটা পূরণ করার মতো নয়। এখানে পাঁচ হাজারের বেশি দোকান ছিল। সব পুড়ে শেষ। কেউ কিছুই বের করতে পারেনি।

দোকান মালিক সমিতির এই নেতা বলেন, ‘আমরা কি করব, আমাদের ব্যবসায়ীরা এখন কোথায় যাবে কীভাবে ঈদ করবে। মাত্র ব্যবসা জমতে শুরু করেছিল। আর তখনই এই ঘটনা ঘটল। সামনে ঈদ তাই প্রধানমন্ত্রীর কাছে দাবি ৭০০ কোটি টাকা থোক বরাদ্দ দেয়া হোক।’

এ ঘটনায় ফায়ার সার্ভিসের প্রশংসা করে হেলাল উদ্দিন বলেন, ‘ফায়ার সার্ভিসকে আরও শক্তিশালী করতে হবে। তাদের কষ্ট দেখেছি। আমরা চাইলে এই বাহিনীটিকে আরও এগিয়ে নিতে পারি। ভূমিকম্প থেকে মানুষ দৌড়ে বাঁচতে পারে কিন্তু আগুনের হাত থেকে বাঁচা সম্ভব নয়। আমাদের অনুরোধ ফায়ার ফাইটারদের আরও এগিয়ে নিতে হবে।